

স্বাস্থ্য

লক্ষ্মীপুরে ২৪ ঘণ্টায় আরো ১০ জনের ডেঙ্গু শনাক্ত

প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



সংগৃহীত ছবি

লক্ষ্মীপুরে গত ২৪ ঘণ্টায় আরো ১০ জনের ডেঙ্গু শনাক্ত হয়েছে। বর্তমানে তারা জেলা সদর হাসপাতাল ও রামগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন অবস্থায় রয়েছেন।

বৃহস্পতিবার (৩০ জুলাই) দুপুরে জেলা সিভিল সার্জন বাহারুল আলম বিষয়টি নিশ্চিত করেছেন।

সিভিল সার্জন কার্যালয় সূত্র জানায়, গত কয়েক মাসে লক্ষ্মীপুরে মোট ৮০ জনের ডেঙ্গু শনাক্ত হয়েছে। এর মধ্যে সদর উপজেলায় ৩২ জন, কমলনগরে তিনজন, রায়পুরে একজন এবং রামগঞ্জে ৪৪ জন রয়েছেন। এদের মধ্যে ৬৯ জন চিকিৎসা শেষে সুস্থ হয়ে বাড়ি ফিরেছে।

বর্তমানে চিকিৎসাধীন রয়েছেন ১১ জন। এর মধ্যে লক্ষ্মীপুর সদর হাসপাতালে চারজন এবং রামগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সাতজন ভর্তি

রয়েছে।

জেলা সিভিল সার্জন বাহারুল আলম বলেন, ঐলক্ষ্মীপুরে ডেঙ্গু পরিস্থিতি আপাতত প্রকট আকার ধারণ করেনি। তবে গত ২৪ ঘণ্টায় নতুন করে ১০ জনের ডেঙ্গু শনাক্ত হয়েছে।

তারা বর্তমানে চিকিৎসাধীন অবস্থায় রয়েছে।

এ বিভাগের আরও খবর



সরকারি হাসপাতালের ৬২ শতাংশ অক্সিজেন প্লাস্টিক অকার্যকর
দেশের সরকারি হাসপাতালগুলোতে স্থাপিত ৯৯টি অক্সিজেন প্লাস্টিক অকার্যকর। বর্তমানে চালু আছে ৩৮টি। অর্থাৎ সরকারি হাসপাতালের প্রায় ৬২ শতাংশ...



ডেঙ্গুতে আরও ৬ জনের মৃত্যু, হাসপাতালে ১৬০৮
দেশে গত ২৪ ঘণ্টায় ডেঙ্গুতে আক্রান্ত হয়ে আরও ছয় জনের মৃত্যু হয়েছে। এ সময় আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন ১ হাজার ৬০৮ জন। মারা যাওয়া ছয় জন...



হামের উপসর্গ নিয়ে আরও ৮ শিশুর মৃত্যু
দেশে ক্রমেই দীর্ঘ হচ্ছে হামে মৃত্যুর মিছিল। গত ২৪ ঘণ্টায় রোগটির উপসর্গ নিয়ে আরও ৮ শিশুর মৃত্যু হয়েছে। এ নিয়ে চলতি বছর হামের উপসর্গ নিয়ে ১ হা...



থামছে না হাম, আরও ৪ শিশুর মৃত্যু

দেশে গত ২৪ ঘণ্টায় হাম ও এর উপসর্গে আরও ৪ জনের মৃত্যু হয়েছে। এতে চলতি বছরের ১৫ মার্চ থেকে এ পর্যন্ত মোট প্রাণহানি দাঁড়িয়েছে ১,১১৪ জনে। একই সম...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পাড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/health/lkshnipure-24-ghntay-aro-10-jner-denggu-shnakt>